দৈনিক খবর

তারিখ 13 NOV 1992
পৃঃ ... ২ ... কলাম ... ৫...

15

কিন্ডার গার্টেন সমিতির দাবী

## পৃথক শিক্ষাবোর্ড ও শিক্ষক প্রশিক্ষণ কলেজ স্থাপন করতে হবে

।। ষ্টাফ রিপোর্টার ।।

কিন্ডার গার্টেন স্কুলসমূহের সমস্যা সমাধানের লক্ষ্যে পৃথক কিন্ডার গার্টেন শিক্ষা বোর্ড গঠন ও শিক্ষকদের প্রশিক্ষণের জন্য পৃথক ট্রেনিং কলেজ স্থাপনসহ ৮ দফা দাবী পেশ করে বাংলাদেশ কিন্ডার গার্টেন এসোসিয়েশন বলেছে, আগামী ৩১শে ডিসেম্বরের মধ্যে দাবী পূরণ না হলে জাতীয় প্রেসক্লাবের সামনে অবস্থান ধর্মঘটের মধ্য দিয়ে আন্দোলন শুরু করা হবে।

গতকাল বৃহস্পতিবার দুপুরে স্থানীয় একটি রেস্তোরাঁয় এক সাংবাদিক সম্মেলনে এসোসিয়েশনের চেয়ারম্যান খোন্দকার রইছ-উল-আলম বলেন, দেশে প্রাথমিক শিক্ষা বিস্তারে মূল ভূমিকা পালনকারী কিন্ডার গার্টেনগুলোর ব্যাপারে বর্তমান গণতান্ত্রিক সরকার উদাসীন। ১৯৮৯ সাল থেকে কিন্ডার গার্টেনে বিনা মূল্যে টেক্সট বুক বোর্ডের যে বই বিতরণ শুরু হয়েছিল তা বন্ধ করে দেয়া হয়েছে। কিন্ডারগার্টেনসমূহের রেজিষ্ট্রেশন প্রদানও বন্ধ রয়েছে।

তিনি বলেন, সরকারের কোন রকম আর্থিক সহায়তা ছাড়াই কিন্ডার গার্টেনগুলো নিরক্ষরতা দূরীকরণ, শিক্ষার মান উন্নয়ন ও বেকার সমস্যা সমাধানে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। দেশের প্রায় আড়াই হাজার কিন্ডার গার্টেনে ৭ লক্ষাধিক ছেলে-মেয়ের পড়াশুনার সাথে সাথে ৬০ হাজারেরও বেশী শিক্ষিত বেকার শিক্ষক ও কর্মচারী হিসেবে কর্মরতরয়েছেন।

কিন্ডার গার্টেন সম্পর্কে বিভিন্ন মহলের ভুল ধারণা খন্ডন করে তিনি বলেন, কিন্ডার গার্টেনে কখনোই ডোনেশন গ্রহণ করা হয় না এবং ও নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে-মেয়েরাই এখানে পড়াশুনা করে। অধিকাংশ কিন্ডার গার্টেনে ছাত্রদের মাসিক বেতন ৬০ টাকা থেকে ১৫০ টাকা। কিন্ডার গার্টেন ইংরেজী মাধ্যমের কোন স্কুল নয়। দেশে প্রচলিত শিক্ষা ব্যবস্থা ও বোর্ডের সিলেবাস অনুযায়ী শুধুমাত্র পুরনো পদ্ধতির পরিবর্তে এখানে আধুনিক পদ্ধতিতে পড়াশুনা করানো হয়।

তিনি বলেন, কিন্ডার গার্টেন এসোসিয়েশন ১৯৮৪ সাল থেকে দ্বিতীয় ও পঞ্চম শ্রেণীতে পরীক্ষার মাধ্যমে বৃত্তি প্রদান করে আসছে এবং ক্রীড়া প্রতিযোগিতারআয়োজনকরছে।

এসোসিয়েশনের ৮ দফা দাবীর মধ্যে রয়েছে কিন্ডার গার্টেন স্কুলে প্রাথমিক স্তরের বই টেক্সটবুক বোর্ড থেকে বিনামূল্যে বিতরণ, এসব স্কুল থেকে পানি, বিদ্যুৎ, গ্যাস বিল ও আয়কর প্রত্যাহার, পুনরায় রেজিষ্ট্রেশন প্রদান চালু, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানের মত শিক্ষক-শিক্ষিকার জন্য ভাতা প্রদান, মাধ্যমিক পর্যায়ে উন্নীত কিন্ডার গার্টেনগুলোকে মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদান অথবা কিন্ডার গার্টেন এসোসিয়েশনের প্রতিনিধি সমন্বয়ে কিন্ডার গার্টেন শিক্ষা বোর্ড গঠন, শিক্ষক-শিক্ষিকার প্রশিক্ষণের জন্য পৃথক ট্রেনিং কলেজ স্থাপন, শিক্ষা ব্যবস্থার উন্নয়নে যাবতীয় কর্মসূচীতে কিন্ডার গার্টেন এসোসিয়েশনের একাধিক প্রতিনিধি অন্তর্ভুক্তকরণ এবং কিন্ডার গার্টেনে সহজ শর্তে ব্যাংক ঋণ প্রদান।

সাংবাদিক সম্মেলনে এসোসিয়েশনের ভাইস চেয়ারম্যান নাজমা আলম ও মহাসচিব মোহাম্মদ ফারুক আহমেদ সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন।